

শিরোনাম	সূত্র	তারিখ
শেখ মুজিবুর রহমানকে সশস্ত্র আন্দোলনের মাধ্যমে স্বাধীন দেশ প্রতিষ্ঠার আহবান জানিয়ে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন	পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন (প্রচারপত্র)	২ মার্চ, ১৯৭১

### শেখ মুজিব ও আওয়ামী লীগের উদ্দেশ্যে

### পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের

### খোলা চিঠি

### পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের বিপ্লবী পরিষদ কর্তৃক প্রকাশিত

তারিখঃ ২৩ মার্চ, ১৯৭১

আপনার ও আপনার পার্টির ছয়-দফা সংগ্রামের রক্তাক্ত ইতিহাস স্পষ্টভাবে প্রমাণ করেছে যে, ছয়-দফার অর্থনৈতিক দাবীসমূহ বাস্তবায়ন সম্ভব সশস্ত্র সংগ্রামের মাধ্যমে পূর্ব বাংলাকে পাকিস্তান থেকে বিচ্ছিন্ন, মুক্তি ও স্বাধীন করে।

আপনাকে ও আপনার পার্টিকে পূর্ব বাংলার সাত কোটি জনসাধারণ ভোট প্রদান করছে পূর্ব-বাংলার উপর পাকিস্তানের অবাংগালী শাসকগোষ্ঠী ঔপনিবেশিক শাসন ও শোষণের অবসান করে স্বাধীন ও সার্বভৌম পূর্ব-বাংলার প্রজাতন্ত্র কায়েমের জন্য।

পূর্ব-বাংলার জনগণের এ আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন আপনার প্রতি ও আওয়ামী লীগের নিম্নলিখিত প্রস্তাববলী পেশ করেছে:

(১) পূর্ব-বাংলার জনগণের নির্বাচিত প্রতিনিধি হিসেবে এবং সংখ্যাগুরু জাতীয় পরিষদের নেতা হিসেবে স্বাধীন, গণতান্ত্রিক, শাস্তিপূর্ণ, নিরপেক্ষ, প্রগতিশীল পূর্ব-বাংলার গণতান্ত্রিক প্রজাতন্ত্র প্রতিষ্ঠা ঘোষণা করুন।

(২) পূর্ব-বাংলার কৃষক-শ্রমিক প্রকাশ্য ও গোপনে কার্যরত পূর্ব-বাংলার দেশপ্রেমিক রাজনৈতিক পার্টি ও ব্যক্তিদের প্রতিনিধি সমন্বিত স্বাধীন, গণতান্ত্রিক শাস্তিপূর্ণ, নিরপেক্ষ, প্রগতিশীল পূর্ব-বাংলার প্রজাতন্ত্রের অঙ্গায়ী সরকার কায়েম করুন।

প্রয়োজনবোধে এ সরকারের কেন্দ্রীয় দফতর নিরপেক্ষ দেশে স্থানান্তরিত করুন।

(৩) পূর্ব-বাংলাব্যাপী এ সরকার প্রতিষ্ঠার জন্য পাকিস্তানের ঔপনিবেশিক শাসক গোষ্ঠীর বিরুদ্ধে সশস্ত্র জাতীয় মুক্তি যুদ্ধের সূচনার আহবান জানান।

এ উদ্দেশ্যে পূর্ব-বাংলার জাতীয় মুক্তি বাহিনী গঠন এবং শহর ও গ্রামে জাতীয় শক্তিহীনতার প্রতি প্রতিষ্ঠান ধর্মসের আহবান জানান।

(৪) পূর্ব-বাংলার জাতীয় মুক্তি সংগ্রাম পরিচালনার জন্য শ্রমিক-কৃষক এবং প্রকাশ্য ও গোপনে কার্যরত পূর্ব-বাংলার দেশপ্রেমিক রাজনৈতিক পার্টি ও ব্যক্তিদের প্রতিনিধি সমন্বয়ে “জাতীয় মুক্তি পরিষদ” বা “জাতীয় মুক্তি ফ্রন্ট” গঠন করুন।

(৫) প্রকাশ্যে ও গোপনে, শাস্তিপূর্ণ ও সশস্ত্র, সংক্ষারবাদী ও বিপ্লবী পদ্ধতিতে সংগ্রাম করার জন্য পূর্ব-বাংলার জনগণের প্রতি আহবান জানান।

(৬) পূর্ব-বাংলার প্রজাতন্ত্র নিম্নলিখিত কর্মসূচী বাস্তবায়নের প্রতিশ্রুতি প্রদান করবে:

(ক) পাকিস্তানের উপনিরেশিক শাসকগোষ্ঠীকে পরিপূর্ণভাবে উৎখাত করা এবং পূর্ববাংলাত্ত তাদের সকল সম্পত্তি রাষ্ট্রীয়করণ করা। উপনিরেশিক সরকারের সকল প্রকাশ শোষণ ও অসম চুক্তির অবসান করা। এদের দালালদের সম্পত্তি রাষ্ট্রীয়করণ করা। এদের মধ্যে সনাতনদের চরম শাস্তির ব্যবস্থা করা।

(খ) পূর্ব-বাংলার জাতীয় বিশ্বাসঘাতকদের সকল নাগরিক অধিকার বাতিল করা। সার্বজনীন ভৌটাধিকারের ভিত্তিতে শ্রমিক-কৃষক-দেশপ্রেমিকদের জাতীয় সরকার গঠন করা।

(গ) গ্রাম্য এলাকায় উপনিরেশিক সরকারের ভূমি শোষণের অবসান করা। সরকারী খাসভূমি এবং বিশ্বাসঘাতক জমিদার-জোতদার ও অন্যান্য দেশদ্রোহীদের ভূ-সম্পত্তি ভূমিহীন ও গরীব কৃষকদের মাঝে বিতরণ করা। দেশপ্রেমিক জমিদার জোতদারদের পরিচালিত শোষণ হ্রস্ব করা।

(ঘ) শ্রমিকদের আট ষষ্ঠী শ্রম সময়, ট্রেড ইউনিয়ন, অধিকার; ন্যায্য দাবী প্রতিষ্ঠার সংগ্রাম সমর্থন করা।

(ঙ) গরুত্বপূর্ণ শিল্প, অথনেতিক প্রতিষ্ঠান, যোগাযোগ প্রতিষ্ঠান রাষ্ট্রীয়করণ করা।

(চ) ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবীদের ন্যায্য দাবী-দাওয়া প্রতিষ্ঠা করা।

(ছ) ধর্মীয়, ভাষাগত ও উপজাতীয় সংখ্যালঘুদের সকলক্ষেত্রে সমাধিকার প্রতিষ্ঠার ব্যবস্থা করা।

(জ) পূর্ব-বাংলার বিভিন্ন অঞ্চলের অসম উন্নতির সমতা বিধানের ব্যবস্থা করা।

(ঝ) বন্যা, ঘূর্ণিঝড়, জলচ্ছবস, খরা ও পোকা এবং দুর্ভিক্ষ নিয়ন্ত্রণের ব্যবস্থা করা।

(ঝঃ) জাতীয় সংস্কৃতি, শিল্পকলা, শিক্ষা, গবেষণা, খেলাধুলা ও শরীর গঠনের ব্যবস্থা করা।

(ট) পঞ্চশিলার ভিত্তিতে শান্তিপূর্ণ সহাবস্তানের পররাষ্ট্র নীতি কায়েম করা।

(ঠ) বিভিন্ন দেশের জাতীয় মুক্তি ও সামাজিক অগ্রগতির সংগ্রাম সমর্থন করা।

(ড) মার্কিন সাম্রাজ্যবাদের পূর্ব-বাংলাত্ত তৎপরতার বিরুদ্ধে সজাগ থাকা।

ইয়াহিয়া-ইয়াকুবের বেয়নেট বুলেটের নিকট আত্মসমর্পন করে অনিদিষ্টকালের জন্য উপনিরেশিক শাসন ও শোষণ মেনে নেওয়া বা সশস্ত্র জাতীয় মুক্তিযুদ্ধ শুরু করার দুটো পথ পূর্ব-বাংলার জনগণের সামনে খোলা রয়েছে।

পূর্ব-বাংলার জনগণ রক্তের বিনিময়ে প্রশাসন করেছে স্বাধীনতার চাইতে প্রিয় তাদের নিকট আর কিছুই নেই।

আপনি ও আপনার পার্টি অবশ্যই উপরোক্ত প্রস্তাবের ভিত্তিতে জনতার এ আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন করবেন। অন্যথায় পূর্ব-বাংলার জনগণ কখনই আপনাকে ও আওয়ামী লীগকে ক্ষমা করবে না।

পূর্ব-বাংলার স্বাধীনতা-জিন্দাবাদ।

পূর্ব-বাংলার গণতান্ত্রিক প্রজাতন্ত্র-জিন্দাবাদ।

পাকিস্তানী উপনিরেশিক শাসকগোষ্ঠী ও তার দালালদের খতম করুন

গ্রামে-শহরে জাতীয় স্বাধীনতা যুদ্ধ শুরু করুন

সমস্ত দেশপ্রেমিকদের-এক্যবন্ধ করুন।